

# সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন।

তারিখঃ ২৯/০৮/২০২৩ ইং,

সময়ঃ দুপুর ২.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

## উপস্থিত সদস্যবৃন্দের নাম

- |                           |                                  |
|---------------------------|----------------------------------|
| ০১. জনাব মমতাজ বেগম       | ০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী |
| ০২. জনাব জোহরা বেগম       | ০৮. জনাব মোঃ মতিয়ার রহমান       |
| ০৩. জনাব আসমা বেগম        | ০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা        |
| ০৪. জনাব মোঃ জসীম শেখ     | ১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ     |
| ০৫. জনাব মোঃ আলমগীর হোসেন | ১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলা  |
| ০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির | ১২. জনাব মোঃ নুরুল ইসলাম মল্লিক  |

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে জুলাই/২০২৩ মাসের সভার কার্য শুরু করা হইল।

## আলোচ্য সূচি-১:

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরীর সভাপতিত্বে বিগত সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন করা হইল। কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইলো।

## আলোচ্য সূচি-২:

সভাপতি সাহেব সভাকে জানান যে, বন্যায় অতিবর্ষণে আমাদের ইউনিয়নের বিভিন্ন রাস্তাঘাট খুবই জরাজীর্ণ অবস্থায় আছে। আমাদেরকে এ বিষয়ে সচেতন হতে হবে এবং সে মোতাবেক কাজ করতে হবে। সংরক্ষিত মহিলা সদস্য মোছাঃ মমতাজ বেগম জানতে চাইলেন যে, এ বিষয়ে আমাদের করণীয় কি? তখন সভাপতি সাহেব সভাকে জানান যে, বন্যায় আমাদের যেসব রাস্তাঘাট ক্ষতিগ্রস্ত হয়েছে সেসব রাস্তাঘাট পুনঃনির্মাণ করতে হবে অন্যথায় জনগণের ভোগান্তির শেষ থাকবে না। তখন এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে যেসব রাস্তাঘাট বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে সেসব রাস্তাঘাট বরাদ্দ সাপেক্ষে পুনঃনির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

## আলোচ্য সূচি-৩:

সভায় সভাপতি সাহেব সভাকে আরও জানান যে, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধীসহ সকল ধরনের ভাতা এখন অনলাইনে করা যাচ্ছে এবং তা ১০ ই সেপ্টেম্বর তারিখ পর্যন্ত করা যাবে। তিনি আরও জানান যে, অনলাইনে যত বেশি আবেদন পড়বে তার উপর একটি পাসপোর্টেজ হিসেবে ইউনিয়নে বরাদ্দ পাবে। সুতরাং তিনি সকল সদস্যদের বয়স্ক, বিধবা, প্রতিবন্ধীসহ সকল ধরনের ভাতা বেশি বেশি আবেদন করার কথা জানান এবং জনগণকে এ বিষয়ে জানাতে বলেন। তাছাড়া তিনি মাইকিং করার কথাও জানান যাতে জনগণ এ বিষয়ে ভালোভাবে জানতে পারে। তিনি আরও বলেন যে, যাদের বয়স ৯০ বছর এর উপরে তারা একটি বিশেষ সুবিধা পাবে অর্থাৎ ৩০০০/- টাকা পাবে।

## আলোচ্য সূচি-৪:

সভায় সভাপতি সাহেব সভাকে আরও জানান যে, কামারখালী ইউনিয়নের বাজারে রেলওয়ের কাজের জন্য অধিগ্রহণকৃত এলাকার মধ্যে কিছু রাস্তায় ইটসহ অন্যান্য মালামাল ব্যবহার করা প্রয়োজন। কারণ বাজারে রেলওয়ের কাজের জন্য এসব এলাকায় চলাচল কষ্টকর হয়ে পড়েছে। জনগনের ভোগান্তির সৃষ্টি হয়েছে। তাই এসব মেরামত না করলে পরবর্তীতে সমস্যার সৃষ্টি হবে বলে তিনি জানান। তখন সভায় সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন। তখন এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে যেসব রাস্তাঘাটে সমস্যার সৃষ্টি হয়েছে সেসব রাস্তাঘাট বরাদ্দ সাপেক্ষে পুনঃনির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

## আলোচ্য সূচি-৫:

সভায় সভাপতি সাহেব সভাকে জানান যে, কামারখালী ইউনিয়নের বিভিন্ন প্রকল্পের কাজের জন্য ওয়ার্ড কমিটি ও স্কীম সুপারভিশন কমিটি পুনঃগঠন করা প্রয়োজন। তখন সভায় সকল সদস্য সভাপতি সাহেবকে ওয়ার্ড কমিটি ও স্কীম সুপারভিশন কমিটি পুনঃগঠন করতে বলেন। তখন এ বিষয়ে আলোচনা হয় এবং আলোচনা সাপেক্ষে প্রত্যেক ওয়ার্ডে প্রত্যেক সদস্যের উপস্থিতিতে ওয়ার্ড কমিটি ও স্কীম সুপারভিশন কমিটি গঠন করা হয়।

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

সভাপতি



তারিখ: ২৯/০৮/২০২৩ খ্রি:

(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।